

বাংলা ভাষার শুদ্ধ ব্যবহারের দাবিতে বর্ণ মিছিল

সর্বত্র বাংলা ভাষার শুদ্ধ ব্যবহারের দাবিতে শেরপুরে বর্ণ মিছিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে উদীচী শিল্পীগোষ্ঠী ঝিনাইগাতী উপজেলা শাখার আয়োজনে মিছিলটি আমতলা থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, মানবাধিকারকর্মী জাহিদুল হক মনিরসহ আরও অনেকে।

এ সময় বক্তারা বলেন, বর্তমানে তরুণরা পাশ্চাত্যের সাথে তাল মিলিয়ে কথার বলার সময় বাংলা ভাষার শব্দের পরিবর্তে ইংরেজি-হিন্দী ও আঞ্চলিক শব্দের বেশি ব্যবহার করছে। আর এভাবে চলতে থাকলে শুদ্ধ বাংলা ভাষার শুদ্ধ ব্যবহার হুমকিতে পড়বে। তাই তাদেরকে শুদ্ধ বাংলা ভাষা শেখার ব্যাপারে উদ্বুদ্ধ করতে হবে। বক্তারা আরও বলেন, এ বিষয়ে অভিযাবক, শিক্ষক ও অভিভূতদের সচেতন হতে হবে।

বর্ণ মিছিলে উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সদস্যসহ বিভিন্ন শ্রেণি-পেশার উপস্থিত ছিলেন।